



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/উমা/পনি-২৯৬

তারিখ : ১১ জুন ২০২৬ খ্রি.

এইচএসসি ২০২৬ পরীক্ষার প্রবেশপত্র প্রিন্টকরণ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র আওতাধীন ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী ০২/০৭/২০২৬ তারিখ হতে ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা শুরু হতে যাচ্ছে। এ প্রেক্ষিতে ১৫/০৬/২০২৬ তারিখ হতে ২৫/০৭/২০২৬ তারিখের মধ্যে কেন্দ্র Online থেকে প্রবেশপত্র, রোল বিবরণী ও হাজিরাপত্র ডাউনলোড ও প্রিন্ট করতে পারবেন। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ তাঁর কেন্দ্রের আওতাধীন সকল পরীক্ষার্থীর প্রবেশপত্র Online (প্রতিষ্ঠান প্রবেশপত্র প্রিন্ট অপশন) এর মাধ্যমে অফ-হোয়াইট/ক্রিম রং A4 অথবা Letter Size কাগজে প্রিন্ট করতে পারবেন। সেক্ষেত্রে ইউজার আইডি হবে HSC কেন্দ্র কোড ও পাসওয়ার্ড হবে প্রতিষ্ঠানের প্রথম পাসওয়ার্ড (যেমন 105 কেন্দ্রের জন্য ইউজার আইডি হবে HSC 105 এবং 209 কেন্দ্রের জন্য হবে HSC 209)। কেন্দ্র সীলমোহর দিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণ করবেন। প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ পরীক্ষার্থীদের প্রবেশপত্রে স্বাক্ষর করে পরীক্ষার্থীদের মাঝে বিতরণ করবেন।

বিষয়টি অত্যন্ত জরুরি।

প্রফেসর ইফফাত জেরীন 11.6.26

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
controller@rajshahieducationboard.gov.bd

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর আওতাধীন
২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার সকল কেন্দ্র

স্মারক নম্বর- রাশিবো/উমা/১-১০(৩য় খন্ড)/পনি-৪২০(১০০০)

তারিখ : ১১ জুন ২০২৬ খ্রি.

জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৩. উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৪. জেলা শিক্ষা অফিসার (সকল), রাজশাহী বিভাগ
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৭. অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠান (প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)
৮. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৯. অফিস নথি

মোসাঃ সেলিনা পারভীন

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(উচ্চ মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন # ০২৫৮৮৮৫৫৮৫১